# শিবচর উপজেলা পরিষদের ২০২৩ সনের ৩য় (মার্চ) মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আঃ লতিফ মোল্লা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ২৭-০৪-২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১।গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনিগত ০৯-০২-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। তিনি বলেন যে, গত ২৯ মার্চ ২০২৩ তারিখে কাদিরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বি.এম জাহাঙ্গীর হোসেন মৃত্যবরণ করেছে। সভায় মরহুমের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা রেখে ০১ (এক) মিনিট নিরবতা পালন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর এর প্রতিনিধি বলেন যে, হাসপাতালে ২৪ ঘন্টা ইমার্জেন্সী চালু রয়েছে। হাসপাতালে ভর্তি যে সকল রোগী আছে ও বহিঃ বিভাগ এবং জরুরী বিভাগে আগত যে সকল রোগী আসেন তাদেরকে বিনামূল্যে ঔষধ সরবরাহ করা হচ্ছে। রোগীরা যাতে চিকিৎসা সেবা পায়, সেই লক্ষ্যে কাজ করছি। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বহেরাতলা দক্ষিণে আশ্রয়ন প্রকল্পে ০১টি ফ্রি ভেটোনারি মেডিকেল ক্যাম্প ও ০১টি গবাদিপশু ফ্রি ভ্যাকছিয়েশন ক্যাম্প করা হয়েছে। এছাড়া গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা সেবা ও ভ্যাকসিনসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ)উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, মোখা ঘুর্ণিঝড় উপলক্ষে শিবচর উপজেলার সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন যে, সারের দাম সরকারী মূল্যে বিক্রি করা হচ্ছে। সারের দাম সরকারী নির্ধারিত মূল্যের চেয়ে যাতে দোকানদারগণ বেশী দামে বিক্রি করতে না পারে সে বিষয়ে মনিটরিং করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, সার ও কীটনাশক দোকানগুলোতে মনিটরিং করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগ ঃ** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি এর ২০২২-২৩ অর্থ বৎসরে এডিপি প্রকল্পের আওতায় ০১ (এক)টি প্যাকেজ এবং উপজেলা উন্নয়ন তহবিল প্রকল্পের আওতায় ০৯ (নয়)টি প্যাকেজ এর গৃহীত স্কীম সমূহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) তে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন।

**বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ঃ ০১ (এক) টি প্যাকেজ ঃ**

| ক্রমিক | ইউনিয়নের নাম | স্কীমের নাম | প্রাক্কলিত ব্যয় | সর্বমোট প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|---|---|
| ১. | বহেরাতলা (উত্তর) | শিবচর উপজেলাধীন বহেরাতলা (উঃ) ইউনিয়নের সুজিত শিকদারের বাড়ীর নিকট রাস্তা নির্মাণ। | ২৫৮৩৩৩.৩৩ | ৭,৭৫,০০০.০০ |
| | | শিবচর উপজেলাধীন বহেরাতলা (উঃ) ইউনিয়নের মিন্টু শিকদারের বাড়ীর নিকট রাস্তা নির্মাণ। | ২৫৮৩৩৩.৩৩ | |
| | | শিবচর উপজেলাধীন বহেরাতলা (উঃ) ইউনিয়নের জলিল শিকদারের বাড়ীর নিকট রাস্তা নির্মাণ। | ২৫৮৩৩৩.৩৩ | |
| | | সর্বমোট | ৭৭৫০০০.০০ | |

**উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) ঃ**

| ক্র: নং | স্কীমের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ১. | পুরাতন উপজেলা পরিষদের পার্কিং এরিয়ার ড্রেনের পানি নিস্কাশনের জন্য উপজেলা পুকুরের আরসিসি স্লোভ ড্রেন নির্মাণ কাজ। | ১,৫০,০০০.০০ |
| ২. | উপজেলা পরিষদের অফিসার্স কোয়ার্টারের চতুর্পার্শ্বের পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ কাজ। | ৭,৩২,৭৬২.০০ |
| ৩. | উপজেলা পরিষদের অফিসার্স কোয়ার্টারের সামনে আরসিসি রাস্তা নির্মাণ কাজ। | ৭,৭৪,৭১৫.০০ |
| ৪. | উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সভা কক্ষের টয়লেট নির্মাণ কাজ। | ২,০৮,৭৭৫.০০ |
| ৫. | উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের বাউন্ডারী গেইট নির্মাণ কাজ। | ২,৯৮,২৮৩.০০ |
| ৬. | শিবচর উপজেলাধীন সন্যাসিরচর ইউনিয়নের উত্তর চরশ্যামাইল মাদ্রাসা হতে মোমন খার বাড়ীর রাস্তা মেরামত কাজ। | ৬,১৪,৯৯০.০০ |
| ৭. | শিকদার হাট উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল ও গেইট নির্মাণ কাজ। | ২০,৪৯,৪৪০.০০ |
| ৮. | শিবচর উপজেলাধীন বাঁশকান্দি ইউনিয়নের সলেনামা খোকন মেম্বারের বাড়ী হতে বেপারীকান্দি মাদ্রাসা এইচবিবি সড়ক মেরামত কাজ। | ৪,০০,০০০.০০ |
| ৯. | শিবচর উপজেলাধীন বহেরাতলা (দঃ) ইউনিয়নের বহেরাতলা বাজার হতে সোনা খার কান্দি জিপিএস এইচবিবি সড়ক মেরামত কাজ। | ৫,০০,০০০.০০ |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP)" ৪র্থ কিস্তির অর্থ থেকে ০১ (এক) টি এবং "উপজেলা উন্নয়ন তহবিল (UDF) "** -এর অর্থ থেকে ০৯ (নয়) টি অগ্রাধিকার ভিত্তিতেস্কীম গ্রহন করতঃ জরুরী ভাবে বাস্তবায়নের নিমিত্তে উপরোক্ত স্কীম সমূহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) তে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি অর্থ বৎসরের বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP)" এবং "উপজেলা উন্নয়ন তহবিল (UDF) "** -এর অর্থ থেকে উক্ত ব্যয় ঠিকাদারের চুড়ান্ত বিলের পাওনা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নের** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, কোন এলাকায় ২/৩ কিলোমিটার এর মধ্যে যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান না থাকে, তাহলে নতুন বিদ্যালয় স্থাপনের প্রস্তাব প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভায় জানান যে, ৩০/৪/২০২৩ তারিখ থেকে এসএসসি, দাখিল ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া ১৩ ও ১৪ মে, ২০২৩ তারিখে জাতীয় শিক্ষা সপ্তাহ অনুষ্ঠিত হবে। সকল পাবলিক পরীক্ষা এবং জাতীয় শিক্ষা সপ্তাহ যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হয় তার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, জাটকা সংরক্ষণ অভিযান নিয়মিত ভাবে পরিচালিত হচ্ছে এবং দরিদ্র জেলেদের বিকল্প কমসংস্থানের উপকরণ বিতরণের তালিকা ইউপি চেয়ারম্যানের নিকট হতে যাচাই বাছাই করে প্রস্তুত করা হচ্ছে এবং বিতরণের প্রস্তুতি নেয়া হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধীসহ সকল ভাতার ৩য় কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে এবং ঈদের পূর্বেই সকল ভাতা ভোগীর বিকাশ নম্বরে ভাতার অর্থ পেয়েছে। যদি কোন ভাতা ভোগী বিকাশে টাকা না পাইলে সমাজ সেবা অফিসে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। তিনি আরও বলেন যে, যদি কোন ভাতাভোগী বিকাশ নম্বর পরিবর্তন করতে চান তাহলে ১০ মে ২০২৩ তারিখের মধ্যে সমাজ সেবা অফিসে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তারবিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** জনাব এস.এম.এ কাদের, উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, তিনি উপজেলা নির্বাচন অফিসার হিসেবে গত ০৫/৪/২০২৩ তারিখে শিবচর উপজেলায় যোগদান করেছেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঞ) **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, ইউনিয়ন পর্যায়ে গর্ভবতী মহিলাদের স্বাস্থ্য সেবা ও স্বাভাবিক প্রসব সেবা বিনামূলে প্রদান করা হয়।মাঠ পর্যায়ে অনেক পদ শূন্য থাকায় সেবার মান বিঘ্নিত হচ্ছে। বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে বলেন যে, টি,আর/কাবিখা/কাবিটা ও অন্যান্য প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

(ঢ) **উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, শিবচর বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , শিবচর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(দ) **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, ভিজিডি/ VWB এর আওতায় দুঃস্থ ও অসহায় গরীব মহিলাদের বিনামূল্যে প্রতিমাসে ৩০ কেজি হারে পুষ্টি চাউল বিতরণ করা হয়। তিনি আরও বলেন যে, অত্র দপ্তরের আওতায় মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান আছে। এ ছাড়াবিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শিবচর সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম ভালো। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে,তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(র)উপজেলা আইসিটি অফিস :**সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলার বেশির ভাগ দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করা নাই। তিনি সকল দপ্তর প্রধানগণকে তার অফিসের স্ব স্ব ওয়েব পোর্টাল সহকারী প্রোগ্রামার এর সহযোগিতায় হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে :** সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর।

**(ল) উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

উপজেলা নির্বাহী অফিসার, শিবচর বলেন যে, উপজেলা ইনস্ট্রাক্টর কি কাজ করে এবং কোন তারিখে, কোন ব্যাচে, কতজন শিক্ষককে ট্রেনিং করানো হচ্ছে তার কোন চিঠি অত্রাফিসে অথবা উপজেলা চেয়ারম্যান কে অবহিত করেননি। যা কোন ভাবেই কাম্য নয়।

এ প্রসঙ্গে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর বলেন যে, উপজেলা ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর গত ০১ (এক) বছরে কোন ব্যাচে , কত তারিখে কতজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষককে ট্রেনিং করানো হয়েছে, বরাদ্দ কত টাকা পাওয়া গিয়েছে এবং কত টাকা সম্মানী দেয়া হয়েছে তার পুণাঙ্গ তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর গত ০১ (এক) বছরে কোন ব্যাচে , কত তারিখে, কতজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষককে ট্রেনিং করানো হয়েছে, বরাদ্দ কত টাকা পাওয়া গিয়েছে এবং কত টাকা সম্মানী দেয়া হয়েছে, তার পুণাঙ্গ তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ করেন।

**বাস্তবায়নেঃ** উপজেলা ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর, মাদারীপুর।

জনাব বি,এম আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর বলেন যে, উপজেলা স্বাস্থ্য সংক্রান্ত স্ট্যান্ডিং মিটিং-এ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচরকে নোটিশ দেয়ার পরও সভায় উপস্থিত হয়নি। এছাড়া তার মোবাইলে একাধিকবার ফোন দেয়ার পরও তিনি কোন ফোন রিসিভ করেননি। ফলে মিটিং-এ আলোচনা ফলপ্রসু হচ্ছে না। শিবচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জনগণ ঠিকমত চিকিৎসা সেবা পাচ্ছে না। তার জন্য আমাদের শিবচরের ভাবমর্তি ক্ষুণ্ন হচ্ছে। তার অনিয়মের বিরুদ্ধে অনেক অভিযোগ পাওয়া যাচ্ছে।

এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান স্ট্যান্ডিং মিটিং-এর সদস্য। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয় উপজেলা স্বাস্থ্য সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটির নিয়মিত সভা করার জন্য সদয় নির্দেশনা প্রদান করেছেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচরকে মিটিং-এ উপস্থিত থাকা উচিত ছিল বলে তিনি সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন যে, উপজেলা পরিষদের মাসিক সভা খুবই গুরুত্বপুর্ণ। ইদানিং লক্ষ্য করা হচ্ছে যে, যোক্তিক কোন কারণ ছাড়াই ইউএইচএফপিও সহ অ অনেক অফিস প্রধান মিটিং-এ অনুপস্থিত থাকেন। কোন কারণ থাকলে অব্যশই জানানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

এ প্রসঙ্গে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর বলেন যে, উপজেলা স্ট্যান্ডিং কমিটির মিটিং অনেক গুরুত্বপুর্ণ। তিনি বলেন ইতোপূর্বে অনেক মিটিং-এ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার অনুপস্থিত ছিলেন। সভাপতি বলেন, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয় নির্দেশনা দিয়েছেন যে, উপজেলায় স্ট্যান্ডিং মিটিং নিয়মিত না করলে উপজেলা পরিষদের কাজের গতি বৃদ্ধি পাবে না। সেজন্য উপজেলা স্বাস্থ্য স্ট্যান্ডিং মিটিং-এ সকল ইউপি চেয়ারম্যান এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারসহ সকল অফিসারকে উপস্থিত থাকার জন্য পুনরায় অনুরোধ জানান। পরবর্তীতে কোন মিটিং-এ অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

**বিবিধ আলোচনা-০১ঃ বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত আলোচনাঃ** সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের চত্বর, উপজেলা পরিষদের লেকসহ পরিষদের অভ্যন্তরের সকল ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন করার বিষয়ে আলোচনা করা হয় এবং রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী ব্যয় করার সর্বম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০২ঃ মশা নিধন সংক্রান্ত আলোচনাঃ** সভায় সভাপতি মহোদয় জানান যে, শিবচর উপজেলার ১৮টি ইউনিয়নের মশা নিধনের বিষয়ে আলোচনা করা হয় এবং আলোচনান্তে রাজস্ব তহবিলের অর্থে ১০,০০০/-(দশ হাজার) টাকা হারে মশার ঐষদ ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে মশনার ঐষধ ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৩ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং সচেতনতা সৃষ্টির মাধ্যমে খাদ্যে ভেজাল প্রতিরোধ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৪ ঃ** উপজেলা রিসোর্স সেন্টারঃ উপজেলা ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর, মাদারীপুর বলেন যে, তার অফিসে উপজেলা কর্মরত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ করানো হয়। এ পর্যন্ত ২৭০ জন শিক্ষককে প্রশিক্ষণ করানো হয়েছে।

**বিবিধ আলোচনা-০৫ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আঃ লতিফ মোল্লা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২২-৬২৪

তারিখঃ ২৭-৪-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। জেলা প্রশাসক, মাদারীপুর।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শিবচর, মাদারীপুর।

৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৯। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

১০। চেয়ারম্যান ........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

১১। জনাব ............................................. শিবচর, মাদারীপুর।

১২। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর ,মাদারীপুর।